তারিখ ... ... 11/8/80 ...
পৃষ্ঠা... ... ... কলাম... ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের দপ্তর, প্যারা-মেডিক্যাল ইনষ্টিটিউট
মহাখালী, ঢাকা,
টেলিফোন নং-৩০১৯৭৭

THE BANGLADESH OBSERVER

## ॥ ছাত্র ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি ॥

প্যারা-মেডিক্যাল ইনষ্টিটিউট, মহাখালী, ঢাকায় ৩৩তম ব্যাচে নিম্নলিখিত প্যারা-মেডিক্যাল ডিপ্লোমা
184 কোর্সে প্রশিক্ষণ গ্রহণেচ্ছুক নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে নির্দ্ধারিত ফর্মে আবেদন পত্র আহ্বান করা যাইতেছে। আবেদন পত্র উক্ত ইনষ্টিটিউট অফিসে ১৩ই সেপ্টেম্বর/৮০ ইং তারিখে বেলা ২-০০ ঘটিকার মধ্যে অবশ্যই দাখিল করিতে হইবে। কোর্সগুলিতে প্রশিক্ষণ কর্মসূচী বাংলাদেশ ষ্টেট মেডিক্যাল ফেকালটি কর্তৃক অনুমোদিত সিলেবাস অনুযায়ী হইবে। প্রার্থীগণকে অবশ্যই যে কোন অনুমোদিত বোর্ড হইতে এস,এস,সি, বা সমমান পরীক্ষায় কমপক্ষে শতকরা ৪৭ নম্বর প্রাপ্ত হইয়া ২য় বিভাগে পাশ হইতে হইবে। বয়স সীমা ১লা সেপ্টেম্বর, ১৯৮০ ইং তারিখে অনুর্দ্ধ ২০(বিশ) বৎসর হইতে হইবে। সরকারী অথবা বিভিন্ন আধাসরকারী ও স্থানীয় সংস্থাগুলির অধীনস্থ কমপক্ষে তিন বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারীদের জন্য এস,এস,সি, পরীক্ষায় শতকরা ৪০ নম্বর প্রাপ্ত হইয়া পাশ হইতে হইবে এবং তাহাদের জন্য বয়সসীমা শিথিল যোগ্য।

স্যানিটারী ইন্সপেক্টরশীপ (স্বাস্থ্য পরিদর্শক) প্রশিক্ষণ কোর্সের বেলায় কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন সরকারী/ বিভিন্ন আধাসরকারী ও স্থানীয় সংস্থাগুলির অধীনে চাকুরীরত স্বাস্থ্য সহকারী/ পরিবার কল্যাণ কর্মিগণই কেবল আবেদন করিতে পারিবেন।

নগদ ১৫·০০(পনর) টাকা (ফেরৎ যোগ্য নহে) ভর্তি পরীক্ষার ফিস দিয়া ভর্তির আবেদন পত্র উক্ত ইনষ্টিটিউটের অফিস হইতে অফিস চলাকালীন (সকাল ৮-০০ ঘটিকা হইতে বিকাল ২-০০ ঘটিকা পর্য্যন্ত) পাওয়া যাইবে। যে কোন প্রার্থী অধ্যক্ষ সাহেবের বরাবরে ১৫·০০(পনর) টাকা মানি অর্ডার অথবা ১৫·০০ (পনর) টাকার ব্যাংক ড্রাফ (রূপালী ব্যাংক, মহাখালী শাখা, ঢাকা-১২) ও নিজ ঠিকানাসহ ৩·০০(তিন) টাকার ডাক টিকেটসহ খাম প্রেরন করিলে ভর্তির আবেদন পত্র ডাকযোগে পাঠাইবার ব্যবস্থা করা হইবে। তবে ১লা সেপ্টেম্বর, ১৯৮০ ইং তারিখের পর ডাকযোগে কোন আবেদন পত্রের ফর্ম পাঠানো হইবে না। ডাক বিভাগের ত্রুটির জন্য নির্দ্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র উক্ত ইনষ্টিটিউট অফিসে না পৌঁছাইলে কর্তৃপক্ষ দায়ী হইবে না।

| কোর্সের নাম | প্রশিক্ষনের সময় |
|---|---|
| ১। স্যানিটারী ইন্সপেক্টরশীপ (স্বাস্থ্য পরিদর্শক) | ২ (দুই) বৎসর |
| ২। ল্যাবরেটরী টেকনিসিয়ানশীপ | ২ (দুই) বৎসর |
| ৩। রেডিওগ্রাফী (ডাইগোনষ্টিক) | ২ (দুই) বৎসর |
| ৪। রেডিওগ্রাফী (থেরাপিউটিক) | ২ (দুই) বৎসর |
| ৫। ডেনটিষ্ট্রি টেকনিসিয়ানশীপ | ২ (দুই) বৎসর |

প্রার্থীগণকে উপরোল্লিখিত কোর্সে ভর্তির জন্য অবশ্যই নিম্নলিখিত স্থান ও তারিখে অনুষ্ঠিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন করিতে হইবে :-

### ॥ লিখিত পরীক্ষা ॥

স্থান :- প্যারা-মেডিক্যাল ইনষ্টিটিউট, মহাখালী, ঢাকা-১২।
তারিখ :- ২১ শে সেপ্টেম্বর, ১৯৮০ ইং তারিখ রোজ রবিবার সকাল ৮-০০ ঘটিকা হইতে।

### ॥ মৌখিক পরীক্ষা ॥

স্থান :- প্যারা-মেডিক্যাল ইনষ্টিটিউট, মহাখালী, ঢাকা-১২।
তারিখ :- ২২শে সেপ্টেম্বর, ১৯৮০ ইং তারিখ রোজ সোমবার সকাল ৮-০০ ঘটিকা হইতে।

সীমিত সংখ্যক ছাত্র ছাত্রীদের জন্য ইনষ্টিটিউট সংলগ্ন ছাত্রাবাস ও ছাত্রীবাসের বন্দোবস্ত আছে। মেধাবী ছাত্র ছাত্রীদের মধ্যে সীমিত সংখ্যক স্কলারশীপ/ ষ্টাইপেন্ড দেওয়া হইবে। ছাত্র ছাত্রীগণ এককোর্সে ভর্তির জন্য নির্বাচিত বা ভর্তি হওয়ার পর অন্য কোন কোর্সে পরিবর্তন করিতে পারিবে না। নির্বাচিত ছাত্র ছাত্রীগণ নিম্নলিখিত ফিসমমূহ নির্দ্ধারিত সময়ের মধ্যে ইনষ্টিটিউটের অফিসে জমা দিয়া ভর্তি হইতে হইবে :-

| | | |
|---|---|---|
| (ক) ভর্তির ফি | ১০·০০ টাকা | |
| (খ) রেজিষ্ট্রেশন-ফি | ২০·০০ " | |
| (গ) ছাত্র ইউনিয়ন ফি | ১০·০০ " | |
| (ঘ) জমান ফি (ফেরৎ যোগ্য) | ২০·০০ " | (বর্ত্তিত হওয়ার সিদ্ধান্ত সাপেক্ষে) |
| (ঙ) হোষ্টেল জমান ফি (ফেরৎ যোগ্য) | ১০০·০০ " | (ছেড়ে সার্টিফিকেট) |

যে কোন গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা, মার্কশীট, বয়স, জাতীয়তা ও প্রশংসা সনদ পত্রের অনুলিপি আবেদন পত্রের সংগে নির্দ্ধারিত সময়ের মধ্যে ইনষ্টিটিউট অফিসে অবশ্যই দাখিল করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র দাখিল করিতে হইবে।

পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড প্রদান করা হইবে না। মূল সার্টিফিকেট, জাতীয়তা ও চৌকি-দারিদের মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দেখাইতে হইবে। লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন যাতায়ত ভাতা ও রোজ ভাতা দেওয়া হইবে না। নির্বাচিত ছাত্র ছাত্রীদের নামের তালিকা উক্ত ইনষ্টিটিউটের নোটিশ বোর্ডে দেওয়া হইবে।

(ডাঃ এম, এ, মান্নান)
অধ্যক্ষ,
প্যারা-মেডিক্যাল ইনষ্টিটিউট,
মহাখালী, ঢাকা-১২।

ডিএফপি-৫৫৮২(২)৮০